

শ্রী ২৪

তারিখ ... 30 MAY 2013 ...  
 পৃষ্ঠা ... ২৬ ...

১৫৫১

# একাদশ শ্রেণীর ২৪ বিষয়ে বই এবার নতুন কারিকুলামে

## রাফিক উদ্দিন

উচ্চ মাধ্যমিক স্তরের মোট ৩০টি বিষয়ের মধ্যে ২৪টি বিষয়ে এবার নতুন কারিকুলামে বই ছাপা হচ্ছে। বাকি ৬টি বিষয় নতুন কারিকুলামে ছাপা হবে ২০১৪ শিক্ষাবর্ষে। নতুন ও যুগোপযোগী পাঠ্যপুস্তক প্রস্তুত না হওয়া এই ৬টি বিষয়ে গত বছরের পাঠ্যক্রমেই পড়তে হবে छात्रছাত্রীদের। শিক্ষা মন্ত্রণালয়ের এক সভায় গতকাল এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানা গেছে। তবে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে হার্মিনিতে অস্থায়ীভাবে শিক্ষামন্ত্রী নেশা ফিরলে।

এ বিষয়ে জানতে চাইলে শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব এ.এস. মাহমুদ সংবাদকে বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের আগাম ঘোষণা ছিল ২০১৩ শিক্ষাবর্ষ থেকে উচ্চ মাধ্যমিক স্তরের সব বিষয়ে নতুন কারিকুলামে বই ছাপা হবে। সে অনুযায়ী কারিকুলামও প্রস্তুত করা হয়েছে। কিন্তু ৬টি বিষয়ের পাঠ্যপুস্তক তৈরি করতে কিছু বিলম্ব হচ্ছে। তাই নতুন কারিকুলামে এসব ছাপতে গেলে অনেকদিনের হতে পারে। তাই ৬টি বিষয়ে এবারও গত বছরের বই পড়তে হতে পারে শিক্ষার্থীদের। তিনি জানান, 'এই ৬টিই চতুর্থ বা ঐচ্ছিক বিষয়'।

এবার যে ৬টি বিষয়ের কারিকুলাম অপরিবর্তিত থাকবে সেগুলো হলো- মৃত্তিকা বিজ্ঞান, শিল্প বিকাশ, খাদ্য ও পুষ্টি, গৃহ ব্যবস্থাপনা ও পরিবারিক জীবন, গার্হস্থ্য বিজ্ঞান, ট্যুরিজম ও হসপিটালিটি, শিল্পতত্ত্ব ও বস্ত্র পরিচ্ছদ, লক্ষ্য সংগীত ও উচ্চায় সংগীত। গতকাল সন্ধ্যায় এসব বইয়ের পাঠ্যপুস্তক একাদশ : পৃষ্ঠা : ২৪ : ৫

## একাদশ : শ্রেণীর

(১২ পৃষ্ঠার পুস্তক)

হাতে পাঠ্যপুস্তক তৈরি করা হয়েছে। এনিকে জাতীয় শিক্ষাক্রম ও পরীক্ষাপত্র বোর্ড (এনসিটিবি) দ্বারা তৈরি করা হয়েছে। আগামী ১ জুলাই একাদশ শ্রেণীর শ্রেণী কার্যক্রম শুরু হলে শিক্ষার্থীরা নতুন বই পেতে আরও কিছুদিন সময় বেশি লাগতে পারে। কারণ নতুন কারিকুলাম প্রস্তুত করতে লেখকদের সময় কিছুটা বেশি লেগেছে। এরপর পাঠ্যপুস্তক যচাইবাচাই, মুদ্রাণ ও অনুবাদন করতেও সময় লাগবে। এতে বই ছাপার দরপত্র আদান ও কার্যদেয় দিতেও সময় বেশি লাগবে।

এ বিষয়ে এনসিটিবির চেয়ারম্যান প্রফেসর শফিকুল ইসলাম গতকাল সংবাদকে বলেন, এখন নতুন বইয়ের কারিকুলামের চূড়ান্ত মূল্যায়ন কার্যক্রম চলছে, যা এখন শেষ পর্যায়ে আছে। মূল্যায়ন শেষ হলেই এগুলোর পাঠ্যপুস্তক প্রকাশকদের সরবরাহ করা হবে। তিনি বলেন, 'আশা করছি যুগ্ম-সচিবের সভায় সর্বোচ্চ অর্ধেই মূল্যায়ন কার্যক্রম শেষ হবে। আর প্রকাশকরাও এখন প্রস্তুত আছে বই ছেপে বাজারজাতকরণ করতে। তাহলেই ১ জুলাইয়ের আগেই সার্বভৌমতার বাজারে একাদশ শ্রেণীর সব বই পৌঁছে যাবে। তিনি এ বিষয়ে শিক্ষার্থীদের উদ্বিগ্ন না হওয়ার আহ্বান জানিয়েছেন।

প্রসঙ্গত, একাদশ শ্রেণীর বাংলা ব্যাকরণ ও ইংরেজি গ্রামার বই কেবল সরাসরি এনসিটিবি ছেপে কোলাকাতার বিক্রি করে থাকে। আর অন্যান্য পাঠ্যবই সরকার অনুমোদিত মুদ্রাকর ও প্রকাশকদের দিয়ে ছাপার সংস্থাটি। তবে সংস্থাটি কারিকুলাম ও পাঠ্যপুস্তক চূড়ান্ত করে দরপত্রের মাধ্যমে এসব ছাপার কার্যদেয় দিয়ে থাকে সরকার অনুমোদিত মুদ্রাকর ও প্রকাশকদের। শিক্ষার্থীরা কোলাকাতার ক্ষেত্রে এসব বই কিনে পড়বে।

এনসিটিবি জানায়, শিক্ষাক্রম-২০১২ এর নির্দেশনা অনুসারে ২০১৩-১৪ শিক্ষাবর্ষ থেকে মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা, ইসলাম শিক্ষা বিভাগ, গার্হস্থ্য বিজ্ঞান এবং সংগীতচর্চা বিভাগের শিক্ষার্থীদের ২৪টি বিষয়ে নতুন কারিকুলামে বই ছাপা হচ্ছে। এসব বই যুগোপযোগী, পরিবর্তিত ও পরিবর্তিত কারিকুলামে ছাপা হচ্ছে। পাঠ্যপুস্তক আর্থনিক বিষয় হিসেবে 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' (আইসিটি) নামে নতুন একটি বিষয় চালু করা হয়েছে।